

💵 মানহাজ (আল-আজবিবাতুল মুফীদাহ)

বিভাগ/অধ্যায়ঃ নিত্য নতুন মানহাজ সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উপকারী জবাব রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

প্রশ্ন-১৪: এ কথা সুবিদিত যে, আল্লাহর পথে দাওয়াত করার জন্য শারঈ জ্ঞান প্রয়োজন, এ ইলম কি কুরআন হাদীছ মুখস্থ করা? মাদরাসা এবং বিশ্ববিদ্যালয় সমূহে যে ইলম দেয়া হয়, আল্লাহর পথে দাওয়াত দেয়ার জন্য তা কি যথেষ্ট?

উত্তর : ইলম হলো: নছ (কুরআন-হাদীছের ভাষ্য) মুখস্থ করা এবং তার মর্ম অনুধাবন করা। শুধু নছ (কুরআন-হাদীছের ভাষ্য) মুখস্থ করাই যথেষ্ট নয়। মানুষের নছ (কুরআন-হাদীছের ভাষ্য) মুখস্থ করার সাথে সাথে তার সঠিক অর্থ শিক্ষা লাভ করা অত্যাবশ্যক। অর্থ অনুধাবন ব্যতিরেকে শুধু নছ (কুরআন-হাদীছের ভাষ্য) মুখস্থ করণ দ্বারা আল্লাহর পথের দাঈ হওয়ার যোগ্যতা অর্জন করা যায় না।

রইল মাদরাসার বিষয়টি। মাদরাসা পাঠ্য তালিকায় যদি নছ (কুরআন-হাদীছের ভাষ্য) মুখস্থ করন ও তার অর্থ অনুধাবন উভয়ই অন্তর্ভুক্ত থাকে তাহলে তা দাওয়াহ ইলাল্লাহর জন্য যথেষ্ট। (কিন্তু) যদি মাদরাসায় অর্থ ছাড়াই শুধু নছ (কুরআন-হাদীছের ভাষ্য) মুখস্থ করানো হয় তাহলে এর দ্বারা দাওয়াহ ইলাল্লাহর কোনোই যোগ্যতা অর্জিত হবে না। তবে এমতাবস্থায় সম্ভব হলে সাধারণ মানুষকে অর্থ ও ব্যাখ্যা ছাড়া শুধুই পড়াতে, শোনাতে ও মুখস্থ করাতে পারবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13088

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন